ডরিন পাওয়ারের রেভিনিউ প্রবৃদ্ধি ৩৫%

হিসাব বছর শুরুর এক-দেড় মাস পর দুটি সাবসিডিয়ারির বাণিজ্যিক উৎপাদন চালু হওয়ায় ২০১৬-১৭ হিসাব বছরের পুরোটা সময় সম্মিলিত উৎপাদন সক্ষমতার শতভাগ কাজে লাগাতে পারেনি বিদ্যুৎ খাতের কোম্পানি ডরিন পাওয়ার জেনারেশন্স অ্যান্ড সিস্টেমস লিমিটেড। তবে চলতি হিসাব বছরে উৎপাদন সক্ষমতার পুরোটাই ব্যবহার করতে পেরেছে তারা। এতে চলতি ২০১৭-১৮ হিসাব বছরের প্রথম তিন প্রান্তিকে (জুলাই-মার্চ) আগের বছরের একই সময়ের তুলনায় প্রায় ৩৫ শতাংশ রেভিনিউ প্রবৃদ্ধি হয়েছে কোম্পানিটির। পাশাপাশি আগের বছরের তুলনায় এবার পরিচালন ব্যয়ও কমেছে তাদের। ফলে হিসাব বছরের প্রথম নয় মাসে কোম্পানিটির নিট মুনাফা আগের বছরের একই সময়ের তুলনায় ১৬ শতাংশের বেশি বেড়েছে। ডরিন পাওয়ারের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মোস্তফা মঈন বণিক বার্তাকে বলেন, ২০১৬ সালের দ্বিতীয়ার্ধে আমাদের দুটি সাবসিডিয়ারি কোম্পানি বাণিজ্যিক উৎপাদনে যায়। এর মধ্যে ১৭ জুন ঢাকা সাউদার্ন পাওয়ারের আর ১৭ আগস্ট ঢাকা নর্দান পাওয়ারের বাণিজ্যিক উৎপাদন শুরু হয়। ফলে ২০১৬-১৭ হিসাব বছরে সাবসিডিয়ারি কোম্পানির উৎপাদন সক্ষমতা পুরোপুরি ব্যবহার করা সম্ভব হয়নি। তবে চলতি ২০১৭-১৮ হিসাব বছরের প্রথম তিন প্রান্তিকে সাবসিডিয়ারির উৎপাদন সক্ষমতার পুরোটাই সদ্ব্যবহার করা সম্ভব হয়েছে। ফলে আগের বছরের তুলনায় চলতি বছরে কোম্পানি রেভিনিউ ও নিট মুনাফা দুটোই বেড়েছে। এ বছর আমাদের পরিচালন এবং আর্থিক ব্যয়ও কমেছে। http://bonikbarta.net

তিন কোম্পানির শেয়ার লেনদেনে বিশেষ নজর বিএসইসির

স্বল্পমূলধনি তিন কোম্পানি মুন্নু সিরামিক, মুন্নু জুট স্ট্যাফলার্স ও স্টাইলক্রাফটের শেয়ারের দরবৃদ্ধিতে কোনো অস্বাভাবিকতা আছে কিনা তা খতিয়ে দেখবে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। এজন্য কোম্পানিগুলোর শেয়ার লেনদেনে বিশেষ নজর রাখছে কমিশনের একটি টিম। বিএসইসির একজন জ্যেষ্ঠ কর্মকর্তা বণিক বার্তাকে বলেন, স্বল্পমূলধনি এ কোম্পানিগুলোর শেয়ারের দর অল্প সময়ের ব্যবধানে অনেক বেশি বেড়ে যেতে দেখা গেছে। এর নেপথ্যে কোনো অস্বাভাবিকতা আছে কিনা আমরা তা খতিয়ে দেখব। কমিশনের একটি টিম আরো বেশ কয়েকটি কোম্পানির পাশাপাশি এ তিন কোম্পানির শেয়ার লেনদেনে বিশেষ নজর রাখছে। মুন্নু সিরামিক: উদ্যোক্তা পরিবারের পরবর্তী প্রজন্ম কোম্পানি পরিচালনার দায়িত্ব নিয়ে ব্যবসা বাড়াতে কিছু পদক্ষেপ নিয়েছে। অগ্রগতি দেখা গেছে কোম্পানির আর্থিক উপাত্তেও। তবে ১০ মাসের ব্যবধানে শেয়ারদর চারগুণ হয়ে যাওয়ার জন্য তা যথেষ্ট কিনা— এ বিষয়ে বিনিয়োগকারীদের মধ্যে ভিন্নমত রয়েছে। কমিশন বিষয়টি নজরে রাখছে। সাম্প্রতিক সময়ে স্টক এক্সচেঞ্জ কর্তৃপক্ষের প্রশ্নের জবাবে কোম্পানি জানিয়েছে, শেয়ারের অস্বাভাবিক দরবৃদ্ধির নেপথ্যে অপ্রকাশিত কোনো মূল্যসংবেদনশীল তথ্য নেই তাদের হাতে।http://bonikbarta.net

করদাতাদের হয়রানি করলে কঠোর ব্যবস্থা—এনবিআর চেয়ারম্যান

বকেয়া রাজস্ব আদায় ও করদাতাদের সঙ্গে রাজস্ব কর্মকর্তাদের সম্পর্কের দূরত্ব কমানোর লক্ষ্যে দেশব্যাপী রাজস্ব হালখাতা পালন করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। 'জ্ঞানভিত্তিক আলোকিত সমাজ বিনির্মাণের মাধ্যমে সমৃদ্ধ রাজস্ব-সংস্কৃতির বিকাশ' স্লোগান সামনে রেখে দ্বিতীয়বারের মতো এ হালখাতা ও বৈশাখ উৎসব উদযাপন করে এনবিআর। হালখাতার উদ্বোধনী অনুষ্ঠানে এনবিআর চেয়ারম্যান ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জ্যেষ্ঠ সচিব মোশাররফ হোসেন ভূঁইয়া করদাতাদের হয়রানি করলে কর্মকর্তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার হুশিয়ারি জানান। গতকাল সকালে রাজধানীর সেগুনবাগিচার কর অঞ্চল-৮-এর সম্মেলন কক্ষে রাজস্ব হালখাতা ও বৈশাখ উৎসবের উদ্বোধন করেন এনবিআর চেয়ারম্যান। একই সময় কর অঞ্চল-৪-এ রাজস্ব হালখাতা ও বৈশাখ উৎসব উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমত আরা সাদেক। http://bonikbarta.net

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে এমআইএস ডে পালিত

মুক্ত চর্চা, মুক্ত চিন্তা সৃজনশীলতার দুয়ার উন্মোচন করে, প্রসারিত করে কাজের ক্ষেত্র। এমন প্রতিপাদ্য নিয়েই গত ২১ ও ২২ মার্চ অনুষ্ঠিত হল ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির এমআইএস ডে, সিজন ৪। ম্যানেজমেন্ট ইনফরমেশন ব্যবসার জন্য কতটা গুরুত্বপূর্ণ এবং ব্যবসা শিক্ষার এক অবিচ্ছেদ্য অংশ সেটাই মূলত অংশগ্রহণকারীরা দেখিয়েছে এই ইভেন্টের প্রথম দিনে অংশগ্রহণকারীরা প্রেজেন্টেশন, বিতর্ক এবং নাট্যাভিনয় করেছে। ইভেন্টের উদ্বোধন ঘোষনা করেন বিজনেস এডমিনিস্ট্রেশনের লেকচারার বুশরা হুমায়রা এশা। এরপর অংশগ্রহণকারীরা তাদের প্রেজেন্টেশন শুরু করে এবং তাদের প্রেজেন্টেশনে ডিপ ওয়েব, স্কাই রিও আর১, ব্রেইন ফিঙ্গার প্রিন্টিং, টেসলা সেমাই ট্রাকের মত সাম্প্রতিক বৈপ্লবিক কিছু প্রযুক্তিক বিষয় উঠে আসে। প্রেজেন্টশন উপভোগ করতে প্রথম দিন অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এইচএমডি গ্লোবাল, নোকিয়া বাংলাদেশ অপারেশনের বিজনেস হেড জনাব ফারহান রশিদ।http://bonikbarta.net

জিএসপি সুবিধা নিয়ে যুক্তরাষ্ট্রের নজরদারিতে ভারত

যুক্তরাষ্ট্রের বাজারে পণ্য রফতানিতে অগ্রাধিকারমূলক প্রবেশাধিকারের সুবিধা ভারতের আদৌ প্রয়োজন রয়েছে কিনা, তা যাচাই করে দেখবে মার্কিন প্রশাসন। সাম্প্রতিক এক ঘোষণায় ওয়াশিংটন বলেছে, রফতানিতে শূন্য অথবা স্বল্প শুল্কের কোটা ব্যবস্থা জেনারেলাইজড সিস্টেম অব প্রেফারেন্সেস (জিএসপি) পেতে ভারতের সক্ষমতা পর্যালোচনা করা হবে। এ ধরনের সিদ্ধান্ত কার্যকর হলে ভারতের প্রায় ৩ হাজার ৫০০টি পণ্যের বাণিজ্য প্রভাবিত হবে। এছাড়া মুদ্রা বিনিময় নীতিমালা নিয়ে নজরদারিতে রাখা দেশগুলোর কাতারেও ভারতকে অন্তর্ভুক্ত করেছে যুক্তরাষ্ট্র। খবর ইকোনমিক টাইমস ও এএফপি।http://bonikbarta.net

বিশ্বের সবচেয়ে লাভজনক জ্বালানি প্রতিষ্ঠান সৌদি আরামকো

আয়ের দিক থেকে বিশ্বের সবচেয়ে লাভজনক জ্বালানি প্রতিষ্ঠানের স্বীকৃতি পেয়েছে সৌদি আরামকো। ২০১৭ সালের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) প্রতিষ্ঠানটি ৩ হাজার ৩৮০ কোটি ডলার আয় করেছে। শুধু জ্বালানি প্রতিষ্ঠানগুলোর মধ্যেই নয়, বরং বৈশ্বিক প্রযুক্তি ও আর্থিক জায়ান্টদের মধ্যে বছরের প্রথম ছয় মাসে প্রাতিষ্ঠানিক আয়ের এটাই সর্বোচ্চ রেকর্ড। একই সঙ্গে জ্বালানি পণ্যের উত্তোলন ও আয়ের বিপরীতে ঋণের বিবেচনায়ও সৌদি আরামকো ভালো অবস্থানে রয়েছে। ব্লুমবার্গের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। এর মধ্য দিয়ে আগামী দিনগুলোয় বিনিয়োগকারীরা সৌদি আরামকোয় অর্থলগ্নিতে উৎসাহী হবেন বলে আশা করছেন বিশ্লেষকরা।http://bonikbarta.net